



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

গাছবাড়ীয়া সরকারি কলেজ, চন্দনাইশ, চট্টগ্রাম



মোবাইল: +৮৮০২৩৩৪৪৫৭৬৭২, E-mail: gachhbariagovt.college@gmail.com, Website : www.ggcc.edu.bd

EIIN-104200, NU Code-4346

তারিখ : ২১/০১/২০২৫ খ্রি:

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির আবেদন ফরম জমা দেওয়ার বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এ./ বি.এস.এস. / বি.বি.এ. (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তারিখ ও সময়সূচি ও শর্তাদি পূরণ সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে :

১। ২১/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে রূপালী ব্যাংক, খান হাট, চন্দনাইশ, চট্টগ্রাম শাখায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা জমা দেয়ার পর আবেদন ফরমের হার্ড কপি ও ফি প্রদানের রশিদের ফটোকপি ২১/০১/২০২৫ থেকে ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে কলেজ লাইব্রেরী ভবনে জনাব সীমা দাস এর নিকট সকাল ১০:০০ টা থেকে বেলা ০১:০০ টার মধ্যে জমা দিতে হবে।

২। আবেদন ফরম পূরণের নিয়মাবলি : জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে সতর্কতার সাথে আবেদনকারী মাধ্যমিক / সমমান ও উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নাম্বার সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ভর্তিচ্ছু কলেজের নাম, প্রার্থীর (Eligible) সব কয়টি বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে ভর্তি পরীক্ষায় আবেদন ফরম পূরণ করতে হবে।

৩। (ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২৩/২০২৪ সালের HSC / সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০২১ / ২০২২ সালের SSC / সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.৫ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৫.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুজ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২৩/২০২৪ সালের HSC / সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) ও ২০২১ / ২০২২ সালের SSC / সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ২.৭৫+২.৫ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-৩ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ থাকতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) / স্নাতক (সম্মান) প্রফেশনাল / স্নাতক (পাস) নিয়মিত / প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৪- ২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্য পূর্ববর্তী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বাতিল করতে হবে।

চ) স্নাতক (সম্মান) / স্নাতক (সম্মান) প্রফেশনাল / স্নাতক (পাস) নিয়মিত / প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৪। অনার্স বিষয়সমূহ : অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, রাষ্ট্রবিজ্ঞান।

বি.দ্র: কলেজে ফরম জমা দেওয়ার পর ২৮-০২-২৫ তারিখের ভর্তি ফরম নিশ্চয়নের sms না পেলে কলেজে যোগাযোগ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

২১/০১/২০২৫
(প্রফেসর রনজিত কুমার দত্ত)
আইডি নং-২৯৯৫
অধ্যক্ষ
গাছবাড়ীয়া সরকারি কলেজ
(প্রফেসর রনজিত কুমার দত্ত)
চন্দনাইশ, চট্টগ্রাম-৯১০৫
গাছবাড়ীয়া সরকারি কলেজ
চন্দনাইশ, চট্টগ্রাম।